

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ১৫১৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫৩. দ্বিতীয় অনুচ্ছেদ - ঝড় তুফানের সময়

আরবী

وَعَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ: مَا هَبَّتْ رِيحٌ قَطُّ إِلَّا جَاءَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى رُكْبَتَيْهِ وَقَالَ: «اللَّهُمَّ اجْعَلْهَا رَحْمَةً وَلَا تَجْعَلْهَا عَذَابًا اللَّهُمَّ اجْعَلْهَا رِيحًا وَلَا تَجْعَلْهَا رِيحًا» .  
 قَالَ ابْنُ عَبَّاسٍ فِي كِتَابِ اللَّهِ تَعَالَى: (إِنَّا أَرْسَلْنَا عَلَيْهِمْ رِيحًا صَرْصَرًا)  
 و (أَرْسَلْنَا عَلَيْهِمُ الرِّيحَ الْعَقِيمَ)  
 (وَأَرْسَلْنَا الرِّيحَ لَوَاقِحَ)  
 و (أَنْ يُرْسَلَ الرِّيحَ مُبَشِّرَاتٍ)  
 رَوَاهُ الشَّافِعِيُّ وَالْبَيْهَقِيُّ فِي الدَّعَوَاتِ الْكَبِيرِ

বাংলা

১৫১৯-[৯] 'আবদুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, বাতাস প্রবাহিত হওয়া শুরু করলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাঁটু ঠেক দিয়ে বসতেন আর বলতেন, "হে আল্লাহ! এ বাতাসকে তুমি রহমতে রূপান্তরিত করো। 'আযাবে পরিণত করো না। হে আল্লাহ! একে তুমি বাতাসে পরিণত করো। ঝড়-তুফানে পরিণত করো না।" ইবনু 'আব্বাস (রাঃ) বলেন, আল্লাহর কিতাবে রয়েছেঃ আমি তাদের ওপর পাঠিয়েছিলাম প্রচণ্ড ঝড়-বৃষ্টি"- (সূরাহ আল ক্বামার ৫৪: ১৯)। "আমি তাদের কাছে পাঠিয়েছিলাম অকল্যাণকর বাতাস"- (সূরাহ আয যা-রিয়া-ত ৫১: ৪১)। "আমি বৃষ্টি-সঞ্চরী বাতাস প্রেরণ করি"- (সূরাহ আল হিজর ১৫: ২২)। "তিনি বায়ু প্রেরণ করেন সুসংবাদ দানের জন্য"- (সূরাহ আর্ রুম ৩০: ৪৬)। (শাফি'ঈ, বায়হাকী'র দা'ওয়াতুল কাবীর)[১]

ফুটনোট

[1] খুবই দুর্বল : মুসনাদ আশ্ শাফি'ঈ ৫০২, আদ দা'ওয়াতুল কাবীর ৩৬৯, য'ঈফ আল জামি' আস্ সগীর ৪৪৬১। শায়খ আলবানী (রহঃ) বলেন, হাদীসের সানাদে আল 'আলা বিন রাশিদ একজনে অপরিচিত রাবী এবং তার সাগরেদ ইব্রাহীম বিন আবী ইয়াহ'ইয়া একজন মিথ্যার অপবাদপ্রাপ্ত রাবী।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: খাত্তাবী বলেন, নিশ্চয় যখন মৃদু বাতাস প্রচুর হয় মেঘ টেনে আনে আর প্রচুর বৃষ্টি হয় তখন শস্য ও বৃক্ষরাজি বৃদ্ধি হয় আর যখন মৃদু বাতাস প্রচুর হয় না আর এক ঝড় তুফান হয় তখন এ ঝড় হয় বন্দা। তাই ‘আরবরা বলে এ ঝড় বৃষ্টি বর্ষাবে না।

হাদিসের মান: ষঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=56079>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন